

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩  
খোয়াই, ১ এপ্রিল, ২০২৪

**লোকসভা নির্বাচন-২০২৪**  
**খোয়াই মহকুমায় ভোট কর্মীদের মহড়া**

২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনের নির্বাচন উপলক্ষে খোয়াই মহকুমার ২৪-রামচন্দ্রঘাট (এসটি), ২৫-খোয়াই ও ২৬-আশারামবাড়ি (এসটি) নির্বাচন ক্ষেত্রে ভোট গ্রহণের কাজে নিয়োজিত ভোট কর্মীদের নিয়ে আজ প্রথম পর্যায়ের মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক চাঁন্দনী চন্দ্রন ভোট কর্মীদের মধ্যে সমন্বয় রেখে সুষ্ঠুভাবে ভোট গ্রহণের কাজ সম্পন্ন করতে ভোট কর্মীদের প্রতি আহ্বান জানান। মহড়ায় মহকুমা শাসক তথা এআরও মেঘা জৈন আলোচনা করেন। মহড়ায় উপস্থিত ছিলেন এআরও তথা এডিএম কেশব কর, এডিএম তথা এআরও অভিজিৎ চক্রবর্তী, এইও কবীন্দ্র দেববর্মা, মহকুমা প্রশাসনের লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেমের আইটি অফিসার বুনান চাকমা। মাস্টার ট্রেনার এবং প্রিসাইডিং অফিসার, ফাস্ট পোলিং অফিসার, সেকেন্ড পোলিং, থার্ড পোলিং ও গ্রুপ-ডি সহ ১ হাজার ৬০ জন কর্মী মহড়ায় অংশ নেন।

\*\*\*\*\*